

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১১। খাদ্যাংশ নিচে পড়ে গেলে তা পরিষ্কার করে খেয়ে ফেলা কর্তব্য

কারণ, তাতেই বরকত নিহিত থাকতে পারে। সুতরাং তা কুড়িয়ে না খেলে বরকত চলে যাবে। মহানবী (ﷺ) বলেন, "তোমাদের কারো খাবারের লোকমা হাত হতে (পাত্রের বাইরে) পড়ে গেলে (এবং তাতে ময়লা লেগে গেলে) তার ময়লা দূর করে সে যেন তা খেয়ে ফেলে এবং শয়তানের জন্য ছেড়ে না দেয়। খাবার শেষে সে যেন নিজের আঙ্গুলগুলো চেঁটে খায়। কারণ তোমরা জান না যে, তোমাদের কোন্ খাবারে বরকত নিহিত আছে।"[1] তদনুরূপ পানীয়তে (পানি, শরবত, জুস বা চায়ে) যদি মাছি পড়ে যায়, তাহলে সেটিকে সরাসরি না তুলে পূর্ণরূপে তাতে ছুবিয়ে, অতঃপর তা তুলে ফেলে পান করা কর্তব্য। যেহেতু মহানবী (ﷺ) বলেন, "যখন তোমাদের কারো পানীয় দ্রব্যে মাছি পড়ে যাবে, তখন তাকে সম্পূর্ণ ছুবিয়ে দেবে। তারপর তাকে বাইরে নিক্ষেপ করবে। কারণ, তার দুটি ডানার মধ্যে একটিতে রোগজীবাণু আছে আর অপরটিতে আছে রোগমুক্তি। (পানীয় বস্ত্ততে পড়ে যাওয়া অবস্থায়) মাছি যে ডানাতে রোগজীবাণু আছে সেটিকে ছুবিয়ে দিয়ে নিজেকে বাঁচাতে চেষ্টা করে। অতএব তা সম্পূর্ণ ছুবিয়ে দেওয়ার পর নিক্ষেপ করা উচিত।"[2]

## ফুটনোট

- [1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৪২১৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৩৪
- [2]. বুখারী, আবু দাউদ, ইবনে মাজাহ

Source — https://www.hadithbd.com/books/link/?id=6966

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন